# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮০০

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যেসব জিনিসের যাকাত দিতে হয়

## আরবী

وَعَنْ مُعَاذٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا وَجَّهَهُ إِلَى الْيَمَنِ أَمْرَهُ أَنْ يَأْخُذَ مِنَ الْبَقَرَة: مِنْ كُلِّ ثَلَاثِينَ تَبِيعًا أَوْ تَبِيعَةً وَمِنْ كل أَرْبَعِين مُسِنَّةً. رَوَاهُ أَبُو دَاوُد وَالتِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ والدارمي

## বাংলা

১৮০০-[৭] মু’আয (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে প্রশাসক বানিয়ে ইয়ামানে পাঠাবার সময় এ হুকুম দিয়েছিলেন, প্রত্যেক ত্রিশটি গরুতে এক বছর বয়সী একটি গরু এবং প্রত্যেক চল্লিশটি গরুতে দু’ বছর বয়সী একটি গরু যাকাত হিসেবে উসূল করবে। (আবূ দাঊদ, তিরমিযী, নাসায়ী, দারিমী)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১৫৭৬, আত্ তিরমিযী ৬২৩, নাসায়ী ২৪৫০।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: চল্লিশটিতে মুসিন্নার (দুই বছরে পূর্ণ করে তৃতীয় বছরে পদার্পণ করেছে এমন বকনা গরু) বিষয়টি এ হাদীসে বর্ণিত হলেও এক্ষেত্রে কমবয়স্কা পুরুষ গরু দেয়া বৈধ যেমনটি পূর্ববর্তী ইবনু ‘আব্বাস-এর হাদীসে এসেছে। যদিও এ বিষয়ে ‘উলামাগণ মতবিরোধ করেছেন। আর ত্রিশের পর থেকে প্রতি দশকের মধ্যে কোন যাকাত আবশ্যক হবে না যতক্ষণ না তা পরবর্তী দশকে পৌঁছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56360

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন